# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরের জন্য স্থাপত্য নকশা প্রতিযোগিতা

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গোল চত্বরে একটি দৃষ্টিনন্দন স্থাপত্য বসানো হবে। এই স্থাপনার নকশা তৈরির জন্য প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। নকশা তৈরির নির্দেশিকা নীচে প্রদান করা হলো।

## ১. স্থাপত্যটির ধরণ

- স্থাপত্যটি অবশ্যই বিমূর্ত (Abstract) হতে হবে। অর্থাৎ এটি **অবশ্যই যেকোন প্রাণীর অবয়ব মুক্ত হতে হবে।**
- স্থাপত্যটির নকশায় বিশ্ববিদ্যালয়ের মূল চেতনা যেমন শিক্ষা, গবেষণা, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, মুক্তচিন্তা ও সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রতিফলন থাকতে পারবে।
- স্থাপত্যটির নকশায় বাংলাদেশের প্রকৃতি, ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির প্রতীকী সংযোজন রাখা যাবে।
- স্থাপত্যটির নকশায় স্থানীয় ইতিহাস, প্রকৃতি বা সংস্কৃতির প্রতীকী উপাদানের সংযোজন রাখা যাবে।
- স্থাপত্য কর্মের এলাকায় জাতীয় এবং শাবিপ্রবি'র পতাকা উত্তলন করার অপশন রাখা যাবে।

## ২. আকার ও সীমাবদ্ধতা

- স্থাপত্যটির সর্বোচ্চ দৈর্ঘ ও প্রস্থ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত সীমা (সর্বোচ্চ ১০x ১৫ ফুট এলাকার মধ্যে) অতিক্রম করতে পারবে না।

**নোটঃ** বিজ্ঞপ্তি প্রাকাশের পর গোল চত্বর এলাকার Bird's view যা ড্রোন দিয়ে তোলা, বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট বিভিন্ন ফেইসবুক পেইজে প্রকাশ করা হবে।

## ৩. উপকরণ

স্থাপত্যটি তৈরিতে

- টেকসই, নিরাপদ ও পরিবেশবান্ধব উপকরণ ব্যবহার করতে হবে।
- আবহাওয়া-সহনশীল ও দীর্ঘস্থায়ী উপকরণ অগ্রাধিকার পাবে।
- মরিচা, ক্ষয় বা দ্রুত নষ্ট হওয়ার সম্ভাবনামুক্ত হতে হবে।
- পুনর্ব্যবহারযোগ্য ও পরিবেশবান্ধব উপকরণ ব্যবহারের বিষয়টি উৎসাহিত করা হবে।

## ৪. নান্দনিকতা ও আলোকসজ্জা

- স্থাপত্যটি দিন ও রাত উভয় সময়ে নান্দনিকভাবে দৃষ্টিনন্দন হতে হবে।
- শক্তি-সাশ্রয়ী ও পরিবেশবান্ধব আলোকসজ্জা ব্যবহারের প্রস্তাব থাকতে হবে।
- সৌরশক্তি ব্যবহার করলে বাড়তি গুরুত্ব পাবে।

## ৫. নিরাপত্তা ও ব্যবহারযোগ্যতা

- স্থাপত্যটির আশেপাশে চলাচলকারীদের জন্য নিরাপদ হতে হবে (ধারালো প্রান্ত, বিপজ্জনক অংশ বা পিছলে পড়ার ঝুঁকি যেন না থাকে)।
- স্থাপত্যটির চারপাশে খোলা স্থান ও বসার সুযোগ রাখলে তা বিবেচনায় আনা হবে।

## ৬. বাজেট ও বাস্তবায়ন

- প্রস্তাবিত স্থাপত্যটির বাজেট বাস্তবসম্মত হতে হবে।
- বাজেট প্রস্তাবে উপকরণের উৎস, নির্মাণ ব্যয়, রক্ষণাবেক্ষণ খরচ ও সম্ভাব্য স্থায়িত্বকাল উল্লেখ করতে হবে।

## ৭. জমাদানের নিয়ম

- অংশগ্রহণকারীদের স্থাপত্যটির নকশাটির 3D মডেল বা স্কেচ জমা দিতে হবে, সাথে 2D পরিমাপও দিতে হবে।
- নকশা প্রস্তাবনার সাথে একটি ধারণাপত্র (Concept Note in A4 size paper) দিতে হবে যেখানে প্রতীকী অর্থ, নান্দনিকতা ও ব্যবহৃত উপকরণের ব্যাখ্যা থাকতে হবে।
- প্রস্তাবটি সিডি এবং ইমেইলের মাধ্যমে জমা দেয়া যাবে।
- প্রস্তাবটি পাঠানোর শেষ তারিখঃ ৫ই সেপ্টেম্বর, ২০২৫।

## ৮. মালিকানা ও সিদ্ধান্ত

- নির্বাচিত স্থাপত্য নকশাটির Intellectual Property বিশ্ববিদ্যালয়ের মালিকানাধীন হবে।
- প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নকশায় পরিবর্তন আনার অধিকার সংরক্ষণ করবে।
- এই প্রতিযোগিতার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিজয়ীকে যথাযথ স্বীকৃতি প্রদান করবে।

## প্রস্তাব পাঠানোর ঠিকানা

ইমেইলঃ registrar@sust.edu, sustdesign25@gmail.com

রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।